বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

তারিখ: ১ শ্রাবণ ১৪৩৩ / ১৬ জুলাই ২০২৬

**নম্বর:** ৪২.০১.০০০০.০০০.০০৫.২২.০০০২.২৬.৬১

**সার্কুলার**

বিষয়: **ই-জিপি (e-GP) সিস্টেমে আহবানকৃত দরপত্রের সম্পাদিত চুক্তিসমূহ পরিচালনা ও ব্যবস্থাপনা ই-সিএমএস (e-CMS) মডিউল ব্যবহারপূর্বক সম্পন্ন করা প্রসঙ্গে।**

ই-জিপি (e-GP) সিস্টেমে আহ্বানকৃত দরপত্রসমূহের চুক্তি পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য সিস্টেমে e-CMS মডিউল অন্তর্ভুক্ত রয়েছে। বর্তমানে e-CMS মডিউলের মাধ্যমে Commencement of Works, Variation, Time Extension সম্পন্ন করা যাচ্ছে। বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথোরিটি (BPPA) এর "ই-জিপি সিস্টেম উন্নয়ন পরিবীক্ষণ এবং এ অগ্রগতি পর্যবেক্ষণ সম্পর্কিত কারিগরি ওয়ার্কিং গ্রুপের" গত ৩০ জুন ২০২৬ খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত অনুসারে অনলাইন/অফলাইনে সম্পাদিত দরপত্রসমূহের চুক্তি বাস্তবায়ন ও কার্য সম্পাদন সংক্রান্ত কার্যক্রম বাধ্যতামূলকভাবে e-CMS মডিউল ব্যবহারপূর্বক সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তৎপ্রেক্ষিতে বাপাউবো'র সকল ক্রয়কারী দপ্তরের ২০২৬-২৭ অর্থবছরে উন্নয়ন/পরিচালন বাজেটের আওতাধীন ই-জিপি সিস্টেমে আহবানকৃত দরপত্রসমূহের চুক্তি পরিচালনা ও ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম e-CMS এর মাধ্যমে সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

২। যে সকল চুক্তির ইতোপূর্বে Variation, Time Extension ম্যানুয়ালি করা হয় নাই শুধুমাত্র সেই সকল চুক্তি e-CMS মডিউলের মাধ্যমে আবশ্যিকভাবে প্রক্রিয়াকরণ শুরু করতে হবে। উল্লেখ্য, বিল প্রদান সংক্রান্ত কার্যক্রম e-CMS মডিউলের সাথে iBAS++ সিস্টেমের ইন্টিগ্রেশন সম্পন্ন হলে পরবর্তীতে সকল ক্রয়কারীকে অবহিত করা হবে।

৩। মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে সার্কুলারটি জারি করা হলো।

১৬-০৭-২০২৬
মোঃ হাফিজুল আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)
ফোন : ০২২২২২৩০০১৫
ইমেইল : se.cpc.bwdb@gmail.com

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রধান প্রকৌশলী/অতিঃ প্রধান প্রকৌশলী/সমমান, ....... (সকল), বাপাউবো।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক/সমমান, ......(সকল), বাপাউবো।
৩। প্রকল্প পরিচালক, ....... (সকল),বাপাউবো।
৪। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৬। নির্বাহী প্রকৌশলী/সমমান, .....(সকল), বাপাউবো।
৭। পি এ টু অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন/পূর্ব রিজিয়ন/পরিকল্পনা, নকশা ও গবেষণা/প্রশাসন/অর্থ), পানি ভবন, বাপাউবো, ঢাকা।

১৬-০৭-২০২৬
মোঃ আতিকুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী (ভারপ্রাপ্ত)